

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নীলফামারী।

তারিখ : ২৫/১২/২০২১ খ্রিঃ

ভর্তি নোটিশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর নির্দেশনা মোতাবেক পূর্বের ঘোষণাকৃত নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত **Waiting List-1** এর ৫ম, ৬ষ্ঠ, ৭ম শ্রেণির শিক্ষার্থীদের ভর্তির তারিখ নির্ধারণ করা হল।

ভর্তির তারিখঃ ২৭/১২/২০২১ খ্রিঃ ও ২৮/১২/২০২১ খ্রিঃ

বিঃদ্রঃ অফিস চলাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে ভর্তি কার্যক্রম পরিচালনা করা হবে।

ভর্তির সময় নিম্নরূপ কাগজপত্র সঙ্গে আনতে হবে:

- ১। নির্বাচিত শিক্ষার্থীদের (সাধারণ ও কোটায়) অন লাইনে ভর্তির আবেদনের Applicant Copy (রসিদ কপি), ভর্তি রেজাল্টের কপি, পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি। ৫ম শ্রেণির ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় পরিবর্তনের ছাড়পত্র, ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে ৫ম শ্রেণি পাশের সনদপত্র/প্রশংসা পত্র, এবং ৭ম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে ৬ষ্ঠ শ্রেণির পাশের সনদপত্র/বিদ্যালয় পরিবর্তনের ছাড়পত্র।
- ২। উল্লিখিত তারিখের মধ্যে ভর্তি হতে না পারলে ভর্তি অপেক্ষমাণ তালিকা হতে তা পূরণ করা হবে।
- ৩। নির্বাচিত শিক্ষার্থীদের (সাধারণ ও কোটায়) জন্ম নিবন্ধন সনদ অনলাইনে যাচাই পূর্বক ভর্তি করা হবে।
- ৪। সংরক্ষিত কোটায় নির্বাচিত রোল নম্বরধারীদের সাময়িকভাবে নির্বাচিত করা হল। ভর্তির সময় সংশ্লিষ্ট মূল সনদ, পিতা-মাতার ভোটার আইডি কার্ড, সম্পর্ক সনদ যাচাই সাপেক্ষে ভর্তি করা হবে। কোন কোটায় ভর্তির জন্য নির্বাচিত কোন শিক্ষার্থী নির্ধারিত সময়ে ভর্তি না হলে বা সনদ ও প্রয়োজনীয় কাগজ পত্র প্রদর্শন করতে অপারগ হলে সে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে। সংশ্লিষ্ট কোটার অপেক্ষমাণ তালিকা হতে অনুরূপ সনদ ও কাগজপত্র প্রদর্শন সাপেক্ষে কোটায় শিক্ষার্থী ভর্তি করা হবে।
- ৫। কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের পর ২৬/১২/২০২১ থেকে ২৭/১২/২০২১ খ্রিঃ তারিখ কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি অফিস চলাকালীন সময়ে বিদ্যালয়ে জমা দিতে হবে এবং ভর্তির দিন মূল কপি প্রদর্শন করতে হবে।
- ১। ৫ম শ্রেণীর ভর্তি ফি ১৪১০/- (এক হাজার চারশত দশ) টাকা।
- ২। ৬ষ্ঠ শ্রেণীর ভর্তি ফি ১৪২৬/- (এক হাজার চারশত ছাব্বিশ) টাকা।
- ৩। ৭ম শ্রেণির ভর্তি ফি ১৪৩৪/- (এক হাজার চারশত চৌত্রিশ) টাকা।

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
নীলফামারী

